

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৪১৩.২০২০-১০৯২

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: রিট পিটিশন নং-৪৬০৩/২০২০ এর রুল ও আরজির আলোকে সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দিতাকরণ সংক্রান্ত।


সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৬০৩/২০২০ এর ২৫/০১/২০২১ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার ২নং ভাটিয়াপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহজাহান কাজী এলিয়াছ-কে স্বীয়পদ হতে সাময়িক বরখাস্ত করার নিমিত্ত এ বিভাগের গত ০৯/০৬/২০২০ খ্রি. তারিখের ৫৫৮নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৪ (চার) জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং-৪৬০৩/২০২০ দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪৬০৩/২০২০ মোকদ্দমায় জবাব দাখিলের জন্য সময়ের আবেদন দাখিলসহ সরকার পক্ষে মামলা পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্ন বর্ণিত শর্তে দায়িত্ব প্রদানপূর্বক এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও ঘটনার প্রকৃত বিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো:

- (১) বিজ্ঞ সলিসিটর উইং এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- (২) বিজ্ঞ এ্যাটর্নি জেনারেল কার্যালয় এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- (৩) এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের পক্ষে দফাওয়ারী জবাব প্রস্তুত করে মাননীয় আদালতে পেশ করা;
- (৪) মামলার অগ্রগতিসহ পরবর্তী সময়ের অর্থাৎ মামলা চলাকালীন সময়ের সার্বিক বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করা।

সংযুক্তি: ১



১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল:

mohiuddinshameem952@gmail.com

জনাব মো: আশরাফুল আলম, বিজ্ঞ প্যানেল আইনজীবী

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৪১৩.২০২০-১০৯২/১(৪)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮  
০১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব